



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিএফআইএম সার্কুলার নং-০১

১৬ মাঘ ১৪৩১

তারিখ: \_\_\_\_\_

৩০ জানুয়ারি ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

## ব্যাংকিং প্রফেশনাল এক্সাম প্রসঙ্গে।

ফাইন্যান্স কোম্পানিসমূহের কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা অর্জনে অর্থনৈতিক ও ব্যাংকিং সম্পর্কিত মৌলিক ও উচ্চতর জ্ঞান অর্জনের আবশ্যিকতা অনস্বীকার্য। দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক পরিচালিত ব্যাংকিং প্রফেশনাল এক্সামের ১ম পর্ব বা Junior Associate of the Institute of Bankers, Bangladesh (JAIBB) পরীক্ষায় ব্যাংকিং সম্পর্কিত প্রাথমিক ও মৌলিক জ্ঞান এবং ২য় পর্ব বা Associate of the Institute of Bankers, Bangladesh (AIBB) পরীক্ষায় উচ্চতর ব্যাংকিং জ্ঞান ও দক্ষতা যাচাই করা হয়ে থাকে।

২। সম্প্রতি ব্যাংকিং প্রফেশনাল এক্সামের পাঠ্যক্রম আধুনিক ও যুগোপযোগী করা হয়েছে। এ প্রেক্ষিতে, ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তাদের ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবে:

- (ক) সিনিয়র অফিসার অথবা সমমানের পদ হতে উর্ধ্বতন পদে কর্মরত কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানি কর্তৃক বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণের জন্য ১০% নম্বর (JAIBB উত্তীর্ণের জন্য ৫% এবং AIBB উত্তীর্ণের জন্য ৫%) বরাদ্দ রাখতে হবে;
- (খ) ডিএফআইএম সার্কুলার নং-০১ তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৩ জারির অব্যবহিত পূর্বে নিয়োগপ্রাপ্ত অথবা পদোন্নতিপ্রাপ্ত ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তাগণ যে পদে কর্মরত ছিলেন তার পরবর্তী এক ধাপে পদোন্নতির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ না হলেও স্বয়ংক্রিয়ভাবে উক্ত পরীক্ষাদ্বয়ের জন্য বরাদ্দকৃত পূর্ণ নম্বর প্রাপ্ত হবেন;
- (গ) ০১ জানুয়ারি ২০২৬ তারিখ হতে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি হতে কোনো কর্মকর্তা অন্য কোনো ফাইন্যান্স কোম্পানিতে অপেক্ষাকৃত উচ্চতর পদে নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ হতে হবে;
- (ঘ) সিনিয়র অফিসার অথবা সমমানের পদে যোগদানের কিংবা উক্ত পদে পদোন্নতি প্রাপ্তির পর ১৫ বছর অতিক্রান্ত হয়েছে এরূপ কর্মকর্তা উচ্চতর পদে পদোন্নতির যোগ্যতার তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ না হলেও অভিজ্ঞতা বিবেচনায় স্বয়ংক্রিয়ভাবে উক্ত পরীক্ষাদ্বয়ের জন্য বরাদ্দকৃত পূর্ণ নম্বর প্রাপ্ত হবেন;
- (ঙ) ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে ফাইন্যান্স কোম্পানিসমূহে সিনিয়র অফিসার অথবা সমমানের পদে যোগদানকৃত কিংবা উক্ত পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের পরবর্তী ১ম পদোন্নতির ক্ষেত্রে JAIBB এবং ২য় পদোন্নতির ক্ষেত্রে AIBB পরীক্ষা বাধ্যতামূলকভাবে উত্তীর্ণ হতে হবে। উক্ত তারিখ হতে কর্মকর্তাদের নিয়োগ বা পদোন্নতির শর্তে তা উল্লেখ থাকতে হবে। ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে বর্ণিত পদে যোগদানকৃত কিংবা পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে এ সার্কুলারের অনুচ্ছেদ ২(ঘ) এর নির্দেশনা প্রযোজ্য হবেনা; এবং

চলমান পৃষ্ঠা-০২

(চ) ফাইন্যান্স কোম্পানির মূল ধারার কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত নয় যেমন: ডাক্তার, আইন কর্মকর্তা, প্রকৌশলী (পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎকৌশল ও আইটি প্রফেশন এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা) এবং প্রচার ও প্রকাশনা পদে নিয়োগকৃত কর্মকর্তাদের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে না।

- ৩। ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণের জন্য ফাইন্যান্স কোম্পানি কর্তৃক আবশ্যিকভাবে আর্থিক প্রণোদনা JAIBB উত্তীর্ণের ক্ষেত্রে ন্যূনতম ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা) এবং AIBB উত্তীর্ণের ক্ষেত্রে ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) প্রদান করতে হবে যা ৯৯তম ব্যাংকিং প্রফেশনাল এক্সাম হতে কার্যকর হবে।
- ৪। ডিএফআইএম সার্কুলার নং-০১ তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৩ ও ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৬ তারিখ: ২৬ জুলাই ২০২৩ সহ এ কার্যালয় হতে ইতঃপূর্বে এতদ্বিষয়ে প্রদত্ত সকল নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো। তবে, উক্ত নির্দেশনাসমূহের আলোকে ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ইতঃপূর্বে গৃহীত ও কৃত সকল কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।
- ৫। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ (২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।